JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

# ঢাকা বিশ্ববিদ্যালয় [ভর্তি পরীক্ষা: ২০১৪-২০১৫]
## গ- ইউনিট [বিজনেস স্টাডিজ অনুষদ] Set-C

### বাংলা

০১. 'তাহারেই পড়ে মনে' কবিতাটি প্রথম প্রকাশিত হয় কোন পত্রিকায়?
ক. মোহাম্মদী খ. কল্লোল গ. সওগাত
ঘ. নওরোজ ঙ. সাধনা
উত্তর ক

০২. নিচের কোনটি অপপ্রয়োগের দৃষ্টান্ত? ?
ক. এক খ. একক গ. একত্র
ঘ. একত্রিত ঙ. একাকিত্ব
উত্তর ঘ ব্যাখ্যা প্রদত্ত প্রশ্নোত্তর ছাড়া অন্যগুলো শুদ্ধ। একত্রিত শব্দটি প্রত্যয় ঘটিত অশুদ্ধ। একত্র শব্দের অর্থ হলো- সমবেত, মিলিত, সম্মিলিত। এ জাতীয় অন্যান্য অশুদ্ধ শব্দ হলো- উদ্বেলিত, আবশ্যকীয়, ঘূর্ণীয়মান, বাহ্যিক।

০৩. কোন বানানটি শুদ্ধ?
ক. স্বায়ত্তশাসন খ. স্বায়ত্ত্বশাসন গ. সায়ত্ত্বশাসন
ঘ. সায়ত্তশাসন ঙ. স্বায়ত্ত্বশাষন
উত্তর ক ব্যাখ্যা প্রদত্ত প্রশ্নোত্তর ছাড়াও অন্যান্য গুরুত্বপূর্ণ অশুদ্ধ শব্দের শুদ্ধরূপ হলো- বিদুষী, নির্নিমেষ, অগ্রহায়ণ, মাকড়সা, আপস, পুঙ্খানুপুঙ্খ, বয়ঃকনিষ্ঠ, হীনম্মন্যতা, টীকাটিপ্পনী ইত্যাদি।

০৪. 'বাগধারা' ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?
ক. বাক্যতত্ত্বে খ. ছন্দ প্রকরণে গ. অর্থ তত্ত্বে
ঘ. রূপ তত্ত্বে ঙ. শব্দ তত্ত্বে
উত্তর ক ব্যাখ্যা প্রদত্ত প্রশ্নোত্তর ছাড়া অন্যান্য আলোচ্য বিষয় হলো- বাক্যের গঠন প্রণালী, পদের রূপ পরিবর্তন, এককথায় প্রকাশ, বিরাম চিহ্ন।

০৫. 'বুক তার বাংলাদেশের হৃদয়' কাব্যগ্রন্থের লেখক কে?
ক. জসীমউদ্‌দীন খ. জীবনানন্দ দাশ গ. সুকান্ত ভট্টাচার্য
ঘ. কাজী নজরুল ইসলাম ঙ. শামসুর রাহমান
উত্তর ঙ

০৬. নিচের কোনটিতে বিশেষ অর্থে 'প্র' উপসর্গটি ব্যবহৃত হয়?
ক. প্রযত্ন খ. প্রশাসন গ. প্রমাণ
ঘ. প্রদান ঙ. প্রভাব
উত্তর ক ব্যাখ্যা প্রদত্ত প্রশ্নোত্তর ছাড়া প্রকৃষ্ট, গতি, ও ধারা অর্থে ব্যবহৃত শব্দ হলো- প্রভাত, প্রজ্ঞা, প্রবেশ, প্রস্থান, প্রবাহ, প্রশাখা,প্রচার, প্রতাপ, প্রভাত ইত্যাদি।

০৭. 'নিজেই চমকে উঠি, কি নিস্পৃহ কেমন শীতল।'-এই বাক্যটি কোন কবিতা থেকে নেয়া হয়েছে?
ক. তাহারেই পড়ে মনে খ. আঠারো বছর বয়স গ. একটি ফটোগ্রাফ
ঘ. পাঞ্জেরী ঙ. বাংলাদেশ
উত্তর গ

০৮. পূর্বপদে বিভক্তির লোপে যে সমাস হয় এবং যে সমাসে পরপদের অর্থ প্রধানভাবে বোঝায় তাকে কী বলে?
ক. কর্মধারয় সমাস খ. তৎপুরুষ সমাস গ. বহুব্রীহি সমাস
ঘ. দ্বিগু সমাস ঙ. অব্যয়ীভাব সমাস
উত্তর খ ব্যাখ্যা যে বিভক্তি লোপ পায়, সেই বিভক্তির নামে তৎপুরুষ সমাসের নাম হয়। যেমন- ২য়া তৎপুরুষ, তৃতীয়া তৎপুরুষ, পঞ্চমী তৎপুরুষ, ষষ্ঠী তৎপুরুষ, সপ্তমী তৎপুরুষ। যেমন- আমকে কুড়ানো = আমকুড়ানো, ২য়া তৎপুরুষ।

০৯. 'প্রাণ দেওয়া-নেওয়া ঝুলিটা থাকে না শূন্য'- পঙ্‌ক্তিটির রচয়িতা কে?
ক. সুকান্ত ভট্টাচার্য খ. কাজী নজরুল ইসলাম গ. আহসান হাবীব
ঘ. শামসুর রাহমান ঙ. রবীন্দ্রনাথ ঠাকুর
উত্তর ক

১০. 'মোলায়েম' শব্দটি কোন ভাষা থেকে বাংলা শব্দসম্ভারে যুক্ত হয়েছে?
ক. সংস্কৃত খ. ফারসি গ. আরবি
ঘ. পর্তুগিজ ঙ. তুর্কি
উত্তর গ ব্যাখ্যা প্রদত্ত প্রশ্নোত্তর ছাড়াও ঐ ভাষার অন্যান্য শব্দ হলো- শখ, ... মেয়াদ, বকেয়া, খাজনা, জিনিস, সন ইত্যাদি।

১১. 'আচরণেই ইতর-ভদ্র বোঝা যায়'-এই বাক্যে 'আচরণেই' কোন কারক ও বিভক্তি নির্দেশ করে?
ক. করণে সপ্তমী খ. কর্মে সপ্তমী গ. অপাদানে সপ্তমী
ঘ. অধিকরণে সপ্তমী ঙ. সম্প্রদানে সপ্তমী
উত্তর ক ব্যাখ্যা যা দিয়ে ক্রিয়া সম্পাদিত হয়, তাকে করণকারক বলে। "আচরণ দিয়ে" বোঝা যায় করণ কারক। আবার মূল শব্দের শেষে এ বর্ণ থাকায় হয়েছে ৭মী বিভক্তি।

১২. নিচের কোন গ্রন্থটি রোকেয়া সাখাওয়াত হোসেন রচনা করেন?
ক. শবনম খ. পদ্মরাগ গ. পল্লীসমাজ
ঘ. ব্রাহি ঙ. মেঘদূত
উত্তর খ

১৩. 'পাঞ্জেরি' কবিতায় কবি 'আসমান' শব্দটি কি অর্থে ব্যবহার করেছেন?
ক. ব্যক্তিজীবন খ. ইসলাম গ. আকাশ
ঘ. জাতীয় জীবন ঙ. সমাজ
উত্তর ঘ

১৪. নিচের কোন শব্দটি স্ত্রী-প্রত্যয় ঈ-যুক্ত শব্দ?
ক. মেধাবিনী খ. চতুর্দশী গ. হস্তিনী ঘ. কর্মী ঙ. শ্রীমতী
উত্তর খ ব্যাখ্যা প্রদত্ত প্রশ্নোত্তর ছাড়াও এ জাতীয় অন্যান্য শব্দ হলো- কিশোরী, তরুনী, নদী, নটী, কপোতী, ছাত্রী, চন্দ্রমুখী।

১৫. 'তাদের দলে নতুন নতুন খেলোয়ার আসিয়াছে' চলিত রীতির বাক্যটিতে ভুলের সংখ্যা কত?
ক. তিন খ. এক গ. দুই ঘ. চার ঙ. পাঁচ
উত্তর গ ব্যাখ্যা প্রদত্ত প্রশ্নোবাক্যে 'খেলোয়ার' 'আসিয়াছে' শব্দ দুটিতে ভুল আছে। শুদ্ধ হবে খেলোয়াড় এবং এসেছে।

১৬. নিচের কোন স্বরসন্ধি অশুদ্ধ?
ক. পূর্ণ+ইন্দু=পূর্ণেন্দু খ. তথা+এব = তথৈব গ.অনু+এষণ = অন্বেষণ
ঘ. প্রতি+আগমন=প্রত্যাগমন ঙ. কটু+উক্তি=কটুক্তি
উত্তর ঙ ব্যাখ্যা উ-কার কিংবা উ-কারের পরে উ-কার কিংবা উ-কার থাকলে উভয়ে মিলে উ-কার হয়। লঘু + উর্মি = লঘূর্মি, কটু + উক্তি = কটূক্তি।

১৭. ২০১৪ সালে কোন পত্রিকা-প্রকাশনার শতবর্ষ পূর্ণ হচ্ছে?
ক. বঙ্গদর্শন খ. শিখা গ. সবুজপত্র
ঘ. সমকাল ঙ. মোহাম্মদী
উত্তর গ

১৮. 'সোনার তরী' কবিতায় 'সোনার ধান' বলতে কি বুঝানো হয়েছে?
ক. স্বর্ণবর্ণের ধান খ. দামি ধান গ. জীবনের সৃষ্টিকর্ম
ঘ. জীবনের আনন্দ ঙ. বাদামি ধান
উত্তর গ

১৯. কোনটি দেশি বাংলা শব্দ-
ক. গিন্নি খ. দোকান গ. চর্মকার ঘ. বাতাসা ঙ. চোখ
উত্তর ঘ ব্যাখ্যা প্রদত্ত প্রশ্নোত্তর ছাড়াও অন্যান্য দেশি শব্দ হলো- তেঁতুল, বাদুড়, ছাই, ঢোল, মোট, মই, বট, গাড়ি, খড়ম, পাঁঠা ইত্যাদি।

২০. কাজী নজরুল ইসলামের জন্ম সাল কোনটি?
ক. ১৯০৭ খ. ১৯০২ গ. ১৮৯৯
ঘ. ১৮৯৬ ঙ. ১৮৯৭
উত্তর গ

২১. 'ঝাঁকের কই' বাগধারাটির অর্থ কি?
ক. সামান্য ব্যক্তি খ. সমঅধিকার গ. সমমনা
ঘ. ভীষণ শত্রুতা ঙ. অন্তরঙ্গতা
উত্তর গ ব্যাখ্যা প্রদত্ত প্রশ্নাবাক্যের বাগধারা ছাড়াও অন্যান্য গুরুত্বপূর্ণ বাগধারা হলো- বিড়ালতপস্বী (ভণ্ড), বাঘের আড়ি (দারুণশত্রুতা), টীকাভাষ্য (ব্যাখ্যামূলক মন্তব্য), ভালুক জ্বর (ক্ষণস্থায়ী জ্বর) ইত্যাদি।

২২. 'সমাজের বিধি ব্যবস্থা আমাদিগকে তাঁহাদের অবস্থা হইতে সম্পূর্ণ পৃথক রাখিয়াছে'-এই বাক্যটি কোন রচনার অন্তর্গত?
ক. হৈমন্তী খ. একুশের গল্প গ. যৌবনের গান
ঘ. অর্ধাঙ্গী ঙ. সাহিত্যে খেলা
উত্তর ঘ

২৩. 'চোখে হারানো' শব্দদ্বয় দ্বারা কী বোঝানো হয়েছে?
ক. খুঁজে না পাওয়া খ. খুঁজে পাওয়া গ. অতি প্রিয়
ঘ. অপ্রিয় ঙ. চোখে না দেখা
উত্তর গ ব্যাখ্যা প্রদত্ত প্রশ্নের শব্দ ছাড়াও চোখের সম্প্রসারিত অন্যান্য শব্দ ও শব্দার্থ হলো- চোখ বুজে থাকা (ইচ্ছে করে, না দেখা), চোখের পলক (চোখের পাতার পতন, নিমেষ, ক্ষণমাত্র, মুহূর্তকাল), চোখের বালি (চোখের পীড়াদায়ক জিনিস)

Admission War

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

২৪. 'গৃহান্তর'-কোন সমাস?
ক. নিত্য সমাস খ. দ্বন্দ্ব সমাস গ. বহুব্রীহি সমাস
ঘ. প্রাদি সমাস ঙ. মধ্যপদলোপী কর্মধারয় সমাস

উত্তর ক ব্যাখ্যা সে সমাসে সমস্যমান পদগুলো সর্বদা নিত্য বা বর্তমান থাকে, তাকে নিত্য সমাস বলে। প্রদত্ত প্রশ্নের 'গৃহান্তর' শব্দের অনুরূপ সমাস শব্দ হতে পারে- রূপান্তর, দেশান্তর, কালান্তর, যুগান্তর ইত্যাদি।

২৫. 'বাংলাদেশ' কবিতাটি অমিয় চক্রবর্তীর কোন কাব্যগ্রন্থ থেকে নেয়া হয়েছে?
ক. পারাপার খ. এক মুঠো গ. অনিঃশেষ
ঘ. পালাবদল ঙ. অমরাবতী

উত্তর গ

## English

**Read the passage below and answer questions 01-05:**

Singapore ranked by the World Bank as the second most densely populated country of the world, imports more than 90 percent of its food. Singapore produced nearly 22,000 tons of vegetables in 2013, compared with a little more than 17,000 tons in 2004. Last year, it imported 514,574 tons of vegetables.

While Singapore ranks fifth out of 109 countries in the Economist Intelligence Unit's golbal food security index, the government wants to diversify its food sources and become more self-reliant in producing eggs, fish and leafy vegetable. As part of its efforts, it has provided some funding and research support to local vertical farming company Sky Greens, which grows leafy vegetables at its farm in three-storey high frames inside greenhouses.

**01. What could be an appropriate title to the passage?**
A. Food Scarcity in Singapore
B. Lack of Food Security in Singapore
C. Diversification of Food Sources in Singapore
D. Singapore's Food Imports and Exports
E. Research Support to Vertical Farming

Explanation: সমগ্র passage টি পড়ে দেখা যায় যে, Singapore-এর খাদ্যের প্রায় ৯০% আমদানি করতে হয়। তাই government food source এর diversification করতে চায় এবং দেশকে খাদ্য উৎপাদনে আরো স্বয়ংসম্পূর্ণতা অর্জন করতে চায়। সুতরাং Correct Ans. C

**02. According to the passage, the Singapore government wants to diversify its food sources ——— of its high position in the global fool security index.**
A. despite B. in case C. because
D. as a result E. in spite

Explanation: because of এরপর noun/noun phrase বসে। সে হিসেবে Ans. C

**03. Diversity means-**
A. branch out B. contract C. continue
D. stop E. divide

Explanation: Diversity বলতে বোঝায় বিভিন্ন রকম করা বা বৈচিত্র্য আনা অর্থাৎ branch out (বহুমুখী করা, ছড়ানো). Ans. A

**04. Greenhouses are**
A. ecologically suitable houses
B. buildings or complexes where plants are grown
C. buildings that are painted green
D. safe houses in a war zone
E. buildings that save energy

Explanation: Greenhouse মানে হচ্ছে কৃত্রিমভাবে buildings বা complex এর মাঝে গাছ-পালা জন্মানো। Ans. C

**05. Vertical farming is more suited to areas where-**
A. cities are crowded B. farm land is scarce
C. people eat a lot D. people live in poverty
E. trees are numerous

Explanation: সাধারণত অল্প জমিতে অনেক জাতের বেশি ফলনের পদ্ধতিই হচ্ছে Vertical farming. Ans B

**Find the correct sentence (Questions 06-07):**

**06.** A. Ratan failed to carry out his studies for poverty.
B. Ratan has failed to carry away his studies for poverty.
C. Ratan failed to carry on his studies for poverty.
D. Ratan has failed to carry about his studies for poverty.
E. Ratan failed to carry off his studies for poverty.

Explanation: Carry on একটি group verb যার অর্থ হচ্ছে-চালিয়ে যাওয়া। Ans. C

**07.** A. He casted his vote for you. B. He cast his vote for you.
C. He caste his vote for you. D. He cost his vote for you.
E. He cusped his vote for you.

Explanation: Caste-অর্থ গোত্র, বর্ণ বা জাত। অপরদিকে caste এর অর্থ ভোট দেওয়া। সুতরাং, বাক্যটির অর্থানুসারে Ans. B

**08. Identify one of the underlined word(s) or phrases that must be changed in order for the sentence to be correct: "Popular method of treating colds include taking extra vitamins, getting a lot of sleep, and drinking plenty of liquid."**
A. method B. colds C. extra vitamins
D. sleep E. liquid

Explanation: Cold শব্দটি adjective যার দ্বারা ঠাণ্ডা বোঝায়। তবে এটি noun হিসেবেও ব্যবহৃত হতে পারে তবে সেক্ষেত্রে plural হবে না। সুতরাং, Ans. B

**Which underlined phrase in each of the following two sentences should be replaced by an alternative given below to make it grammatical correct? (Questions 09-10):**

**09. Since Ruma didn't want to be disturbed while studying, she left the phone off hooks.**
A. of hook B. for the hook C. off hooking
D. off the hook E. from the hook

Explanation: Off the hook একটি phrase যার অর্থ কোন কাজ করা থেকে বিরত থাকা। Ans. D

**10. Since the officer was overburdened with work, his colleague decided to give him hand.**
A. giving hands B. give him a hand C. give him handful
D. give him handy E. give him hands

Explanation: give a hand অর্থ সাহায্যের হাত বাড়ানো অর্থাৎ সাহায্য করা। Ans. B

**11. Choose the pair that expresses a relationship similar to the one expressed by the capitalized pair: HEART : HUMAN**
A. Tail: dog B. Hand: Child C. Kitchen: House
D. Brick: Wall E. Engine: Car

Explanation: Human এর প্রাণশক্তি হচ্ছে Heart তেমনি car এর মূলশক্তি হচ্ছে Engine সুতরাং, Ans. E

**12. Which of the following words is spelt correctly?**
A. comittee B. comitee C. committe
D. comitie E. committee

Explanation: বানানটি সহজে মানে রাখার উপায় হচ্ছে-$(etm)^2$ অর্থাৎ ২টি e, ২টি t এবং ২টি m রয়েছে।

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

**Fill in the blanks with appropriate words/phrase (Questions 13-17)**

**13. His health has —— because of hard labour.**
A. broken up B. broken into C. broken out
D. broken for E. broken down

**Explanation:** Break down একটি group verb যার অর্থ হচ্ছে ভাঙ্গিয়া পড়া বা দুর্বল হইয়া পড়া। **Ans. E**

**14. He told me that he ——— in Khulna in the previous year.**
A. had been working B. has been working C. has worked
D. was working E. have been working

**Explanation:** Past perfect হিসেবে **Ans.A**

**15. Ten thousand dollars —— a lot of money.**
A. are B. is C. were D. aren't E. it's

**Explanation:** দূরত্ব, ওজন, পরিমাণের ক্ষেত্রে plural হলেও সমষ্টিগত বোঝালে singular verb হয়। অর্থাৎ বাক্যটিতে thousand dollars একত্রে একটিমাত্র সমষ্টি subject বোঝাচ্ছে। তাই **Ans. B**

**16. The word 'Brittle' means**
A. Strong B. Wiry C. Enduring
D. Resistant E. Fragile

**Explanation:** Brittle অর্থ ভঙ্গুর অর্থাৎ সহজে ভেঙ্গে যায় এমন কিছু (fragle). সুতরাং, **Ans. E**

**17. In time of financial crisis, such lavish expenditure should be —.**
A. justified B. curtailed C. encouraged
D. corrected E. organized

**Explanation:** financial crisis এর সময় অপরিমিত খরচ (curtaile) কাঁট-ছাঁট করতে হয়। **Ans. B**

**18. While going to office, take your umbrella —— it rains.**
A. if B. if not C. perhaps
D. in case E. by the chance

**Explanation:** In case দ্বারা কোন শর্ত বোঝায় না যেখানে if দ্বারা শর্ত বোঝায়। প্রদত্ত বাক্যে কোন শর্ত বোঝাচ্ছে না বলে in case বসবে।

**Choose the correct preposition (Questions 19-21):**

**19. She was blessed —— a son.**
A. by B. for C. in D. with E. of

**Explanation:** blessed এর সাথে preposition বসে যার অর্থ আশীর্বাদ পাওয়া। **Ans. D**

**20. I will write —— your phone number.**
A. off B. in C. on D. down E. up

**Explanation:** Write down একটি group verb যার অর্থ হচ্ছে কোন কিছু লিখে রাখা। **Ans. D**

**21. Sumon is beating around the bush. In other words, Sumon is**
A. avoiding the main point B. attacking aggressively
C. solving a problem D. clearing the undergrowth
E. speaking to the point

**Explanation:** beating around/about the bush একটি phrase যার অর্থ মূল জিনিস আলোচনা না করে অপ্রাসঙ্গিক বলা। তাই **Ans. A**

**Find the synonym of the following words (Questions 22-23):**

**22. Degrading**
A. Damning B. Lowering C. Corrupting
D. Minimizing E. Maximizing

**Explanation:** degrading অর্থ হচ্ছে ক্রমহ্রাসমান অর্থাৎ (lowering) সুতরাং, **Ans. B**

**23. Ardous**
A. Hazardous B. Difficult C. Different
D. Pleasurable E. Tedious

**Explanation:** Ardous শব্দটির অর্থ হচ্ছে অনেক প্রচেষ্টা করতে হয় এমন অর্থাৎ কঠিন। সুতরাং, **Ans, B**

**Find the antonym of the following words (Question 24-25):**

**24. Perilous**
A. Risky B. Greedy C. Curative D. Secure E. Dire

**Explanation:** Perilous শব্দটির অর্থ হচ্ছে বিপদজনক অর্থাৎ Risky. সুতরাং এর বিপরীত হবে secure (নিরাপদ). **Ans. D**

**25. Perfect**
A. Spotles B. Immaculate C. Sheer
D. Superb E. flawed

**Explanation:** Perfect শব্দটির অর্থ হচ্ছে যথার্থ, কোন খুঁত নেই এমন অর্থাৎ spotles. সুতরাং এর বিপরীত হবে flawed (কলঙ্ক যুক্ত). **Ans. E**

## হিসাববিজ্ঞান

**০১. নিচের কোনটি হিসাব চক্রের একটি ধাপ নয়?**
ক. নির্বাচন খ. লিপিবদ্ধকরণ গ. যাচাইকরণ
ঘ. শ্রেণিকরণ ঙ. পরিবেশন

উত্তর: গ

**০২. অনুপার্জিত আয় নির্দেশ করে**
ক. আয় খ. চলতি দায় গ. ব্যয়
ঘ. দীর্ঘমেয়াদি দায় ঙ. চলতি সম্পদ

উত্তর: ঘ ব্যাখ্যা: অনুপার্জিত আয় চলতি দায় নির্দেশ করে।

**০৩. উত্তরা কোম্পানির ২০১৩ সালের সম্পত্তি হ্রাস পায় ৮০,০০০ টাকা এবং দায় বৃদ্ধি পায় ৩০,০০০ টাকা। তাহলে মালিকানা স্বত্ব:**
ক. ৫০,০০০ টাকা বৃদ্ধি পায় খ. ৫০,০০০ টাকা হ্রাস পায়
গ. ১১০,০০০ টাকা বৃদ্ধি পায় ঘ. ১১০,০০০ টাকা হ্রাস পায়
ঙ. ৮০,০০০ টাকা বৃদ্ধি পায়

উত্তর: ঘ ব্যাখ্যা: সম্পদ হ্রাস এবং দায় বৃদ্ধি পেলে মালিকানা স্বত্ব হ্রাস পায়। সুতরাং এখানে মালিকানা স্বত্ব হ্রাস পাবে (৮০,০০০ + ৩০,০০০) = ১,১০,০০০ টাকা।

**০৪. নিচে উল্লেখিত নীতি অনুসরণ করি বলে আমরা সম্ভাব্য দায়কে আর্থিক বিবরণীতে দেখাই-**
ক. স্বত্বার নীতি খ. হিসাবকাল নীতি গ. মিলকরণ নীতি
ঘ. ধারাবাহিকতার নীতি ঙ. পূর্ণ প্রকাশের নীতি

উত্তর: ঙ ব্যাখ্যা: সম্ভাব্য দায়কে আর্থিক বিবরণীতে দেখানো হয় পূর্ণ প্রকাশের নীতি অনুসারে।

**০৫. বাকিতে পণ্য ক্রয় করা হলে ক্রেতার হিসাব বহিতে সম্ভাব্য পরিবর্তন হবে-**
ক. সম্পদ বৃদ্ধি এবং দায় বৃদ্ধি খ. দায় বৃদ্ধি এবং পরিশোধিত মূলধন বৃদ্ধি
গ. দায় বৃদ্ধি এবং সম্পদ হ্রাস ঘ. সম্পদ বৃদ্ধি এবং ব্যয় বৃদ্ধি
ঙ. দায় বৃদ্ধি এবং রাজস্ব হ্রাস

উত্তর: ক ব্যাখ্যা: বাকীতে পণ্য ক্রয় করা হেল মজুদপণ্য (সম্পদ) বৃদ্ধি পাবে, অপর দিকে অর্থ পরিশোধ না করার কারণে প্রদেয় হিসাব (দায়) বৃদ্ধি পাবে।

**০৬. নিচের কোনটি অস্থায়ী হিসাব?**
ক. নগদান হিসাব খ. মজুত পণ্য হিসাব গ. ব্যাংক হিসাব
ঘ. পুঞ্জীভূত অবচয় ঙ. ভাড়া হিসাব

উত্তর: ঙ ব্যাখ্যা: আর্থিক অবস্থার বিবরণী বিষয়ক হিসাবখাত হলো স্থায়ী হিসাব এবং আয় বিবরণী বিষয়ক হিসাবখাত হলো অস্থায়ী হিসাব খাত। সুতরাং এখানে ভাড়া হিসাব আয় বিবরণী বিষয়ক হিসাব খাত। অর্থাৎ এটি অস্থায়ী হিসাব খাত।

**০৭. ২০১২ সালের ১লা জানুয়ারি তিন বছরের জন্য অগ্রীম বীমা প্রদান করা হয়েছে ৩,০০০ টাকা। ২০১২ সালের ৩১ ডিসেম্বর সমন্বয় দাখিলা কী হবে?**
ক. বীমা হিসাব ডেবিট ৩,০০০ টাকা; নগদান হিসাব ক্রেডিট ৩,০০০ টাকা
খ. বীমা খরচ হিসাব ডেবিট ১,০০০ টাকা; অগ্রীম বীমা হিসাব ক্রেডিট ১,০০০ টাকা
গ. বীমা খরচ হিসাব ডেবিট ৩,০০০ টাকা; অগ্রীম বীমা হিসাব ক্রেডিট ৩,০০০ টাকা
ঘ. বকেয়া বীমা ডেবিট ৩,০০০টাকা; নগদ ক্রেডিট ৩,০০০ টাকা
ঙ. অগ্রীম বীমা ডেবিট ১০০০ টাকা; বীমা খরচ ক্রেডিট ১০০০ টাকা

উত্তর: খ ব্যাখ্যা: অগ্রীম বীমার সমন্বয় দাখিলা হলো বীমা খরচ ডেবিট; অগ্রীম বীমা ক্রেডিট। এখন তিন বছরের অগ্রীম বীমা ৩,০০০ টাকার ১ বছর মেয়াদ উত্তীর্ণ হওয়ার টাকা হবে ১,০০০ টাকা।

Admission War
JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

০৮. নিচের কোন খরচটির জন্য নগদ অর্থ ব্যয় হয় না?
ক. বিক্রয় কমিশন খ. অগ্রীম প্রদত্ত বীমা গ. বেতন
ঘ. ভাড়া ঙ. অবচয়
উত্তর | ঙ | ব্যাখ্যা | অবচয়ের জন্য কোন নগদ অর্থ ব্যয় হয় না।

০৯. নিচের কোনটি অলীক সম্পত্তি?
ক. সুনাম খ. প্যাটেন্ট গ. শেয়ার মূল্যে ছাড়
ঘ. কপিরাইট ঙ. অগ্রীম ভাড়া
উত্তর | গ | ব্যাখ্যা | শেয়ার মূল্যের ছাড় হচ্ছে অলীক সম্পত্তি।

১০. নিচের কোনটি আর্থিক বিবরণীর অংশ নয়?
ক. আর্থিক অবস্থার বিবরণী খ. মূল্য সংযোজন বিবরণী
গ. কম্প্রিহেনসিভ আয় বিবরণী ঘ. নগদ প্রদান বিবরণী
ঙ. শেয়ার হোল্ডারদের স্বত্বের পরিবর্তন বিবরণী
উত্তর | খ | ব্যাখ্যা | মূল্য সংযোজন বিবরণী আর্থিক বিবরণীর অংশ নয়।

১১. হিসাবের প্রাথমিক বই থেকে খতিয়ানে স্থানান্তরের সময় যে ভুল সংঘটিত হয় তাকে কি ভুল বলে?
ক. বাদ পড়া খ. লেখার ভুল গ. বেদাখিলা
ঘ. পরিপূরক ভুল ঙ. নীতিগত ভুল
উত্তর | গ | ব্যাখ্যা | হিসাবের প্রাথমিক বই থেকে খতিয়ানে স্থানান্তরের সময় যে ভুল সংঘটিত হয় তাকে বেদাখিলার ভুল বলে।

১২. সাধারণত নিচের কোন হিসাব সেট এর ডেবিট উদ্বৃত্ত থাকে?
ক. আয়, মূলধন, সম্পদ খ. দায়, মূলধন, ব্যয় গ. আয়, দায়, মূলধন
ঘ. সম্পদ, মালিকের উত্তোলন, খরচ ঙ. বিক্রয়, মালিকের উত্তোলন, বাট্টা
উত্তর | ঘ | ব্যাখ্যা | সম্পদ, মালিকের উত্তোলন, খরচ ডেবিট উদ্বৃত্ত প্রকাশ করে।

১৩. ফলাফল নিট আয় হবে যখন-
ক. সম্পদ দায়ের চেয়ে বেশি খ. সম্পদ আয়ের চেয়ে বেশি
গ. খরচ আয়ের চেয়ে বেশি ঘ. আয় খরচের চেয়ে বেশি
ঙ. আয় এবং খরচ সমান
উত্তর | ঘ | ব্যাখ্যা | আয় খরচের চেয়ে বেশি হলে নিট আয় হয়।

১৪. নিচের কোন উক্তিটি সত্য নয়?
ক. নগদ প্রবাহ বিবরণী একটি নির্দিষ্ট সময়ে মধ্যে নগদের অন্তপ্রবাহ ও বহির্প্রবাহের সংক্ষিপ্তসার তথ্য বর্ণনা করে
খ. উদ্বৃত্ত পত্র একটি নির্দিষ্ট সময়ের মধ্যকার সম্পদ, দায় ও মালিকানা স্বত্বের প্রতিবেদন দেয়
গ. লাভ লোকসান হিসাব একটি নির্দিষ্ট সময়ে মধ্যকার আয়, ব্যয় এবং নীট মুনাফা অথবা নীট লোকসান বর্ণনা করে
ঘ. মালিকানা স্বত্ব বিবরণী একটি নির্দিষ্ট সময়ের মধ্যকার মালিকানা স্বত্বের পরিবর্তন বর্ণনা করে
ঙ. উত্তোলন এবং বিনিয়োগ লাভ লোকসান হিসাবের অন্তর্ভুক্ত নয়
উত্তর | খ | ব্যাখ্যা | উদ্বর্তপত্র এটি নির্দিষ্ট সময় বিন্দুতে কারবারের আর্থিক অবস্থা সম্পদ, দায় দেনা ও মালিকানা স্বত্বের প্রতিবেদন দেয়।

১৫. নিম্নোক্ত কোনটি একটি ব্যবসায়ের সর্বাধিক তরল সম্পদ হিসাবে বিবেচিত হবে-
ক. দেনাদার খ. মজুদ পণ্য গ. শেয়ারের বিনিয়োগ
ঘ. ব্যাংক উদ্বৃত্ত ঙ. অগ্রীম কর
উত্তর | ঘ | ব্যাখ্যা | নগদ তহবিল ও ব্যাংক উদ্বৃত্ত হচ্ছে সর্বাধিক তরল সম্পদ যেকোন ব্যবসায়ের জন্য।

১৬. ব্যাংক সমন্বয় বিবরণীতে "ডিপোজিট ইন ট্রানজিট" কী করা হয়-
ক. বুক ব্যালেন্স থেকে কমাতে হয়
খ. বুক ব্যালেন্সের সাথে যোগ করতে হয়
গ. ব্যাংক বিবরণী ব্যালেন্সের সাথে যোগ করতে হয়
ঘ. ব্যাংক বিবরণী ব্যালেন্স থেকে বাদ দিতে হয়
ঙ. নগদান হিসাবের সাথে যোগ করতে হয়
উত্তর | গ | ব্যাখ্যা | "ডিপোজিট ইন ট্রানজিট" ব্যাংক বিবরণী ব্যালেন্সের সাথে যোগ করতে হয়।

১৭. একটি ফার্মের নীট মুনাফা ৬,০০০ টাকা এবং করের হার ৪০% হলে কর-পূর্ব মুনাফা হবে-
ক. ৯,০০০/- খ. ৭,৯৪২/- গ. ৮,৩৩৩/- ঘ. ৩,০০০/- ঙ. ১০,০০০/-
উত্তর | ঙ | ব্যাখ্যা | ১০০/৬০ × ৬,০০০ = ১০,০০০।

১৮. মুখ্যব্যয় নিম্নের ব্যয়ের মিশ্রণ-
ক. প্রত্যক্ষ কাঁচামাল ও কারখানা উপরি খরচ
খ. প্রত্যক্ষ মজুরী ও কারখানা উপরি খরচ
গ. প্রত্যক্ষ কাঁচামাল, প্রত্যক্ষ মজুরী ও প্রত্যক্ষ খরচ
ঘ. প্রত্যক্ষ কাঁচামাল, প্রত্যক্ষ মজুরী ও কারখানা উপরি খরচ
ঙ. কোনটিই নয়
উত্তর | গ | ব্যাখ্যা | প্রত্যক্ষ কাঁচামাল, প্রত্যক্ষ মজুরি ও প্রত্যক্ষ খরচ হচ্ছে মুখ্য ব্যয়

১৯. যদি প্রারম্ভিক মজুত ৬০,০০০ টাকা, সারা বৎসরের ক্রয় ৩০০,০০০ টাকা, অন্তর্মুখী পরিবহন খরচ ৬,০০০ টাকা, বহির্মুখী পরিবহন ১০,০০০ টাকা, ক্রয় ফেরত ও ভাতা ৮,০০০ টাকা, সরবরাহের সমাপনী মজুদ ৫,০০০ টাকা এবং পণ্যের সমাপনী মজুদ ৫০,০০০ টাকা হয় তবে বিক্রীত পণ্যের খরচ হবে-
ক. ২৯৮,০০০ টাকা খ. ৩১৮,০০০ টাকা গ. ৩১৩,০০০ টাকা
ঘ. ৩০৮,০০০ টাকা ঙ. ২৯৩,০০০ টাকা
উত্তর | ঘ | ব্যাখ্যা | ৬০,০০০ + ৩,০০,০০০ + ৬,০০০ - ৮,০০০ - ৫০,০০০ = ৩,০৮,০০০। এখানে বহির্মুখী পরিবহন ও সরবরাহের সমাপনী মজুদ আসবে না

২০. নিট বিক্রয় ও মোট মুনাফার পরিমাণ যথাক্রমে ৩০,০০০ টাকা ও ৬,০০০ টাকা হলে ক্রয়মূল্যের উপর মুনাফার হার কত?
ক. ১৬.৬৭% খ. ২০% গ. ২৫% ঘ. ৩০% ঙ. ৫০%
উত্তর | গ | ব্যাখ্যা | ৬,০০০ ÷ ২৪,০০০ × ১০০ = ২৫%

২১. A, B ও C একটি অংশীদারী কারবারের অংশীদার। A এর মূলধন ২৫০,০০০ টাকা, B এর মূলধন ৩২০,০০০ টাকা ও C এর মূলধন ১৮০,০০০। C ব্যবসায় পরিচালনা বাবদ ৬০,০০০ টাকা বেতন পাবে। ব্যবসায়ে ২১০,০০০ টাকা লাভ হলে, বছর শেষে C মোট কত টাকা পাবে?
ক. ৪৮,০০০ টাকা খ. ১৪০,০০০ টাকা গ. ৬০,০০০ টাকা
ঘ. ১১০,০০০ টাকা ঙ. ৯৩,৬০০ টাকা
উত্তর | ঘ | ব্যাখ্যা | ২,১০,০০০ - ৬০,০০০ ÷ ৩ = ৫০,০০০ + ৬০,০০০ = ১,১০,০০০

২২. একটি যন্ত্রপাতির ক্রয়মূল্য ৫০০,০০০ টাকা, পরিবহন খরচ ৫০,০০০ টাকা ও সংস্থাপন খরচ ২০,০০০ টাকা। প্রত্যাশিত আয়ুষ্কাল ৪ বছর এবং অবশিষ্ট মূল্য ৩৫,০০০ টাকা। ক্রমহ্রাসকৃত উদ্বৃত্ত পদ্ধতিতে ২য় বছরের অবচয় কত টাকা?
ক. ২৮৫,০০০ টাকা খ. ১৪২,৫০০ টাকা গ. ১০৬,৮৭৫ টাকা
ঘ. ১৩৮,৭৫০ টাকা ঙ. ১০৫,০০০ টাকা
উত্তর | খ | ব্যাখ্যা | ৫,০০,০০০ + ৫০,০০০ + ২০,০০০ = ৫,৭০,০০০ .৫০ × .৫০ = ১,৪২,৫০০।

২৩. আগুনে বিনষ্ট মজুদ পণ্য ১০,০০০ টাকা, যা সমাপনী মজুদ পণ্যের মধ্যে অন্তর্ভুক্ত ছিল না। বীমা কোম্পানি ৬০% ক্ষতিপূরণ দিতে সম্মত হয়েছে। এ বাবদ আয় বিবরণীতে কত টাকা খরচ দেখাতে হবে?
ক. ৪,০০০/- খ. ১৪,০০০/- গ. ১০,০০০/- ঘ. ৮,০০০/- ঙ. ৬,০০০/-
উত্তর | ক | ব্যাখ্যা | ১০,০০০ × ৬০% = ৪,০০০ টাকা

২৪. বোনাস শেয়ার হিসেবে লভ্যাংশ প্রদান করা হলে-
ক. শেয়ার হোল্ডারদের স্বত্ববৃদ্ধি পাবে খ. শেয়ারহোল্ডারদের স্বত্বহ্রাস পাবে
গ. মালিকানা স্বত্ব ও সম্পদ বৃদ্ধি ঘ. দায় ও মালিকানা স্বত্ববৃদ্ধি পাবে
ঙ. শেয়ারহোল্ডারদের স্বত্ব পরিবর্তিত হবে না
উত্তর | ঙ | ব্যাখ্যা | বোনাস শেয়ার হিসেবে লভ্যাংশ প্রদান করা হলে শেয়ারহোল্ডারদের স্বত্ব পরিবর্তিত হবে না।

২৫. যে সকল ব্যয় উৎপাদনের সাথে পরিবর্তনশীল, তাদেরকে বলা হয়-
ক. পরিবর্তনশীল ব্যয় খ. স্থির/স্থায়ী ব্যয় গ. কাঁচামাল ব্যয়
ঘ. উৎপাদন ব্যয় ঙ. একক ব্যয়
উত্তর | ক | ব্যাখ্যা | যে সকল ব্যয় উৎপাদনের সাথে পরিবর্তনশীল, তাদেরকে বলা হয় পরিবর্তনশীল ব্যয়।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS
Admission War

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

## [PRINCIPLES OF BUSINESS]

০১. শস্য বীমা কোন দেশে প্রথম প্রচলন করা হয়?
ক. ইংল্যান্ড  খ. যুক্তরাষ্ট্র  গ. হল্যান্ড  ঘ. ইটালি  ঙ. জার্মানি
উত্তর: ঙ | ব্যাখ্যা: শস্য বীমার উৎপত্তি জার্মানিতে।

০২. মৃত্যুহারপঞ্জি কোন ধরনের বীমায় ব্যবহৃত হয়?
ক. সাধারণ বীমা  খ. অগ্নি বীমা  গ. পুণঃবীমা
ঘ. শস্য বীমা  ঙ. জীবন বীমা
উত্তর: ঙ | ব্যাখ্যা: একমাত্র জীবন বীমায় মৃত্যুহারাপঞ্জি ব্যবহার হয়।

০৩. ব্যাংক হার হ্রাস পেলে অর্থ সরবরাহের ক্ষেত্রে কি ঘটে?
ক. হ্রাস পায়  খ. বৃদ্ধি পায়  গ. অপরিবর্তিত থাকে
ঘ. নির্ণয় করা কঠিন  ঙ. ওঠানামা করে
উত্তর: খ | ব্যাখ্যা: ব্যাংক হার হ্রাস পোল অর্থ সরবরাহ বাড়ে।

০৪. সম্পত্তি কোন ধরণের বীমার মূল বিষয় নয়?
ক. অগ্নি বীমা  খ. নৌ বীমা  গ. শস্য বীমা  ঘ. জীবন বীমা ঙ. গাড়ি বীমা
উত্তর: ঘ | ব্যাখ্যা: একমাত্র জীবন বীমাতেই সম্পত্তি মূল বিষয় নয়।

০৫. অবলেখক শব্দটি নিচের কোন ক্ষেত্রে প্রযোজ্য?
ক. অগ্নি বীমা  খ. জীবন বীমা  গ. যুগ্ম বীমা
ঘ. নৌ বীমা  ঙ. পুণঃ বীমা
উত্তর: ঙ | ব্যাখ্যা: পুনঃবীমায় অবলেখক কাজ করে থাকে।

০৬. কোনটি অনাবাসি বিদেশী মুদ্রা আমানত হিসাব খোলার জন্য উপযুক্ত?
ক. চলতি হিসাব  খ. সঞ্চয়ী হিসাব  গ. মেয়াদি হিসাব
ঘ. সঞ্চয়পত্র হিসাব  ঙ. বন্ড হিসাব
উত্তর: খ | ব্যাখ্যা: সঞ্চয়ি হিসাবে, অনাবাসি বিদেশী মুদ্রা আমানত হিসাব খোলা হয়।

০৭. কোনটি বীমার কাজ নয়?
ক. ঝুঁকি বন্টন  খ. ক্ষতির পরিমাণ হ্রাস  গ. ব্যবসায় কর্মসংস্থান
ঘ. অর্থনৈতিক প্রগতি  ঙ. ঝুঁকি বৃদ্ধি
উত্তর: ঙ | ব্যাখ্যা: বীমার প্রধান কাজ হল ঝুকি কমানো।

০৮. MICR এর পূর্ণরূপ কি?
ক. Managerial Identity Control Recognition
খ. Magnetic Ink Character Recognition
গ. Magnegerial Input Control Registrar
ঘ. Magnetic Input Control Registrar
ঙ. Magnetic Input Character Recognition
উত্তর: খ | ব্যাখ্যা: MICR = Megnetic Ink cluarecter kecognition.

০৯. অংশীদারী কারবারের নিবন্ধন-
ক. বাধ্যমূলক  খ. ঐচ্ছিক  গ. ক্ষতিকর  ঘ. লাভজনক  ঙ. অলাভজনক
উত্তর: খ | ব্যাখ্যা: অংশীদারি ব্যবসায়ের নিবন্ধন এচ্ছিক।

১০. কোন ধরণের ব্যাংক হিসাব গ্রাহককে জমাতিরিক্ত উত্তোলনের সুবিধা দেয়?
ক. চলতি হিসাব  খ. সঞ্চয়ী হিসাব  গ. স্থায়ী আমানত হিসাব
ঘ. পৌনঃপুণিক জমা হিসাব  ঙ. বিবিধ হিসাব
উত্তর: ক | ব্যাখ্যা: একমাত্র চলতি হিসাব গ্রাহককে জমাতিরিক্ত উত্তোলন এর সুবিধা দেয়।

১১. বৈজ্ঞানিক ব্যবস্থাপনার উদ্ভাবন কী ধরনের বিপ্লব ছিল?
ক. মনসিক  খ. আবেগজনিত  গ. সামাজিক
ঘ. অর্থনৈতিক  ঙ. ফিনান্সিয়াল
উত্তর: গ | ব্যাখ্যা: বৈজ্ঞানিক ব্যবস্থাপনার উদ্ভাবন এক ধরনের সামাজিক বিপ্লব সৃষ্টি করে।

১২. লক্ষ্য নির্ধারণ করা এবং তা কীভাবে অর্জিত হবে সেই বিষয়ে সিদ্ধান্ত নেয়াকে বলা হয়-
ক. প্রেষণা  খ. সংগঠন  গ. কর্মী নিয়োগ ঘ. নিয়ন্ত্রণ  ঙ. পরিকল্পনা
উত্তর: ঙ | ব্যাখ্যা: পরিকল্পনার কাজ হলে লক্ষ্য নির্ধারণ এবং তা অর্জনের উপায়।

১৩. বিশ্বব্যাংক গোষ্ঠীর কোন প্রতিষ্ঠানটি 'সহজ-ঋণ' দেয়ার জন্য পরিচিত?
ক. MIGA  খ. EDI  গ. IDA
ঘ. IBRD  ঙ. IFC
উত্তর: গ | ব্যাখ্যা: IDA. বিশ্বব্যাংক গোষ্ঠির সহজ ঋণ দেয়।

১৪. কর্মী সংগ্রহ প্রক্রিয়ার শেষ কাজ কি?
ক. উৎস নির্ধারণ  খ. বিজ্ঞপ্তি প্রদান  গ. কর্মী নিয়োগ
ঘ. কর্মী প্রশিক্ষণ  ঙ. ডাক্তারি পরীক্ষা
উত্তর: গ | ব্যাখ্যা: কর্মী সংগ্রহ প্রক্রিয়ার সর্বশেষ কাজ কর্মী নিয়োগ।

১৫. নিচের কোনটি ব্যবসায়ের মৌলিক বৈশিষ্ট্য নয়?
ক. মুনাফা অর্জন  খ. সংগঠন  গ. ঝুঁকি ও অনিশ্চয়তা
ঘ. পুঁজির সংস্থান  ঙ. শ্রমিক ছাঁটাই
উত্তর: ঙ | ব্যাখ্যা: শ্রমিক ছাটাই ব্যবসায়ের মৌলিক বৈশিষ্ট্য এর বর্হিভূত।

১৬. ব্যবস্থাপনার দর্পণ হলো-
ক. সংগঠন  খ. নির্দেশনা  গ. প্রেষণা  ঘ. পরিকল্পনা  ঙ. নিয়ন্ত্রণ
উত্তর: ঘ | ব্যাখ্যা: পরিকল্পনা হলো ব্যবস্থাপনার দর্পন।

১৭. কোনটি পরিকল্পনার প্রকারভেদের মধ্যে পড়ে না?
ক. লক্ষ্য  খ. টার্গেট  গ. পলিসি  ঘ. মিশন  ঙ. ফলাবর্তন
উত্তর: ঙ | ব্যাখ্যা: ফলাবর্তন পরিকল্পনার প্রকারভেদ এর বহির্ভূত।

১৮. ট্যারিফ কিসের সাথে সম্পর্কিত?
ক. বীমা  খ. বিজ্ঞাপন  গ. পরিবহন  ঘ. ঝুঁকি  ঙ. আমদানি
উত্তর: ঙ | ব্যাখ্যা: ট্যারিফ আমদানির সাথে সম্পর্কিত।

১৯. পাবলিক লিমিটেড কোম্পানির ক্ষেত্রে বার্ষিক সাধারণ সভার নোটিশ দিতে হয়-
ক. ৭ দিন পূর্বে  খ. ১৪ দিন পূর্বে  গ. ২১ দিন পূর্বে
ঘ. ২৮ দিন পূর্বে  ঙ. ৩০ দিন পূর্বে
উত্তর: খ | ব্যাখ্যা: ১৪ দিন পূর্বে পাবলিক লিঃ কোম্পানির AGM এর ঘোষণা দিতে হয়।

২০. সমবায় সংগঠনে কোন একক সদস্য শেয়ার মূলধনের সর্বোচ্চ কত অংশ শেয়ার ক্রয় করতে পারে?
ক. এক তৃতীয়াংশ  খ. এক চতুর্থাংশ  গ. এক পঞ্চমাংশ
ঘ. এক দশমাংশ  ঙ. ৫০ শতাংশ
উত্তর: গ | ব্যাখ্যা: সমবায় সংগঠনে কোন সদ্য শেয়ার মূলধনের সর্বোচ্চ ১/৫ অংশ শেয়ার কিনতে পারে।

২১. একটি কোম্পানি কখন তার বিবরণপত্র প্রকাশ করে?
ক. কোম্পানি গঠনের পূর্বে  খ. কোম্পানি গঠনের পরে
গ. শেয়ার ইস্যুর পর  ঘ. শেয়ার ইস্যুর পূর্বে
ঙ. নিবন্ধনের পূর্বে
উত্তর: ঘ | ব্যাখ্যা: শেয়ার ইস্যুর পূর্বে কোম্পানি তার বিবরণপত্র প্রকাশ করে।

২২. কোনটি পাবলিক লিমিটেড কোম্পানর জন্য পরিমেল নিয়মাবলির বিকল্প?
ক. Table-F  খ. Table-B  গ. Table-A  ঘ. Table-D  ঙ. Table-G
উত্তর: গ | ব্যাখ্যা: Table A. পাবলিক লিঃ কোম্পানির পরিমেল নিয়মাবলির বিকল্প হিসাবে কাজ করে।

২৩. ট্রেজারি বিল ইস্যু করেন-
ক. বিশেষায়িত ব্যাংক  খ. বাণিজ্যিক ব্যাংক  গ. মার্চেন্ট ব্যাংক
ঘ. কেন্দ্রীয় ব্যাংক  ঙ. ইনভেষ্টমেন্ট ব্যাংক
উত্তর: ঘ | ব্যাখ্যা: ট্রেজারি বিল ইস্যু করে সরকারের পক্ষে কেন্দ্রিয় ব্যাংক।

২৪. নিচের কোন বিষয়টিকে ব্যবসায়ের প্রাণ বলা হয়?
ক. লোকবল  খ. ভূমি  গ. সংগঠন  ঘ. যন্ত্রপাতি  ঙ. অর্থ
উত্তর: ঙ | ব্যাখ্যা: অর্থকে বলা হয় ব্যবসায়ের পুন।

২৫. নিচের কোন দলিলের কার্যক্ষেত্রের আওতার বাইরে কোনো কাজ করলে তা ক্ষমতা বহির্ভূত কাজ বলে বিবেচিত হবে?
ক. পরিমেল বন্ধ/সংঘ স্মারক  খ. কার্যারম্ভের অনুমতিপত্র  গ. বিবরণপত্র
ঘ. নিবন্ধনপত্র  ঙ. বার্ষিক বিবরণী
উত্তর: ক | ব্যাখ্যা: পরিমেল বন্ধ বহিঃভূত কাজকে বলা হয় ক্ষমতা বহিঃভূত কাজ।

Admission War